



মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি  
মেহেরপুর-৭১০০।



ফোন নং-০৭৯১-৬২৪১১, ৬২২৫৮, ই-মেইল: gmmpbs@gmail.com, Web: http://pbs.meherpur.gov.bd

**উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (OTM)**

- ১। মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর দাপ্তরিক কাজের স্বার্থে নিজস্ব তহবিলের আওতায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী আউট সোর্সিং পদ্ধতিতে (চুক্তিভিত্তিক) ০৫(পাঁচ) জন নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হবে। আউট সোর্সিং প্রক্রিয়ায় লোকবল সরবরাহের নিমিত্তে আগ্রহী নিরাপত্তা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	ক্রয়তব্য সেবার বিবরণ	দরপত্র দলিলের মূল্য অফেরৎযোগ্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের স্থান ও সময়সূচী	দরপত্র দাখিলের স্থান ও সময়সূচী	দরপত্র খোলার স্থান ও সময়সূচী
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
S-23.24.19.01	আউট সোর্সিং পদ্ধতিতে নিরাপত্তা প্রহরী (চুক্তিভিত্তিক) নিয়োগ- ০৫ (পাঁচ) জন (দরপত্র দলিলে বর্ণিত বিবরণ, শর্ত ও ছক অনুযায়ী)	১৫০০/-	১,০৫,০০০/-	(ক) পরিচালক, পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (পঃ অঃ) পরিদপ্তর, , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা- ১২২৯। (খ) মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, মেহেরপুর। ০৫/১২/২০২৩ খ্রি: মঙ্গলবার হতে ২১/১২/২০২৩খ্রি: বৃহস্পতিবার বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত	(১) মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, মেহেরপুর। ২৪/১২/২০২৩খ্রি: রবিবার সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত	((১) মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, মেহেরপুর। ২৪/১২/২০২৩খ্রি: রবিবার সকাল ১১:০৫ ঘটিকায়।

- ০২। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নিম্নবর্ণিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।
- ০৩। আগ্রহী দরদাতাগণ মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিল ক্রয়ের জন্য উপরে বর্ণিত ছকের কলাম-৩ এ উল্লেখিত টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে আবেদন পূর্বক (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (১০ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা- ১২২৯ ও (খ) জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর হতে কলাম-০৫ এ বর্ণিত সময়সীমার মধ্যে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- ০৪। দরপত্র বিজ্ঞপ্তির কলাম ০৬ এ বর্ণিত সময়সীমার মধ্যে দরপত্র ব্যক্তিগতভাবে/বাহক মারফত (১) জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর এই ঠিকানায় পৌঁছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল গ্রহণ করা হবে না। দরপত্রের কলাম - ৪ এ উল্লেখিত নির্দিষ্ট পরিমাণ দরপত্র জামানত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্র কলাম - ৬ এ বর্ণিত সময়সূচী ও স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন/ই-টিআইএন নম্বরসহ হালনাগাদ আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদ, বাংলাদেশ শ্রম আইন-২০০৮ (সংশোধনী-২০১৩) ও বাংলাদেশ শ্রমবিধিমালা ২০১৫ অনুযায়ী জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সরকারের নিকট হতে ঠিকাদার সংস্থার লাইসেন্স ও রেজিস্ট্রেশন সনদ, বাংলাদেশ জয়েন্ট স্টক কোম্পানির হালনাগাদ রেজিস্ট্রেশন সনদ, জনবল সরবরাহের ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতার প্রত্যয়নপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৬। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৭। মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারন দর্শনো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ০৮। উল্লেখিত শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

“ বিদ্যুৎ অপচয় রোধ করি, আলোকিত বাংলাদেশ গড়ি”

(স্বদেশ কুমার ঘোষ)

জেনারেল ম্যানেজার

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি